

# যেভাবে জানা যাবে একাদশে ভর্তির প্রথম ধাপের ফল

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রমের প্রথম ধাপের অনলাইন আবেদন প্রক্রিয়া শেষ হয়েছে। ২০২৫-২৬ শিক্ষাবর্ষের এ ধাপে মোট ১০ লাখ ৭৩ হাজার ৩৩৬ জন শিক্ষার্থী আবেদন করেছেন। যাচাই-বাছাই শেষে আজ বুধবার (২০ আগস্ট) রাত ৮টায় প্রথম ধাপের ফলাফল প্রকাশ করা হবে।

মঙ্গলবার (১৯ আগস্ট) একাদশে ভর্তি সংক্রান্ত কমিটি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

ভর্তি কমিটির সদস্যরা জানান, দেশের সব কলেজ ও মাদরাসায় কেন্দ্রীয়ভাবে একাদশে ভর্তির আবেদন নেওয়া হচ্ছে। প্রথম ধাপে গত ৩০ জুলাই থেকে ১৫ আগস্ট রাত ৮টা পর্যন্ত শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করেছেন। এইচএসসি ও আলিম পর্যায়ে এ

আবেদন কার্যক্রম পরিচালিত হলেও, কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে  
ভর্তির জন্য আলাদা প্রক্রিয়া অনুসরণ করা হয়।

### **ফল জানবেন যেভাবে**

প্রথম ধাপে আবেদন করা শিক্ষার্থীরা আজ রাত ৮টার পর একাদশ  
শ্রেণি ভর্তি বিষয়ক ওয়েবসাইটে গিয়ে ফলাফল জানতে পারবেন।

ফলাফলে নির্ধারিত কলেজ বা মাদরাসায় ভর্তির জন্য মনোনীত  
শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

যেসব শিক্ষার্থী নির্বাচিত কলেজে ভর্তি হতে ইচ্ছুক, তাদের  
নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিশ্চায়ন করতে হবে। কেউ  
যদি নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হতে না চান, তাহলে নিশ্চায়ন না  
করে পরবর্তী ধাপে নতুন করে আবেদন করার সুযোগ পাবেন।

নিশ্চায়ন করা শিক্ষার্থীদের জন্য মাইগ্রেশনের সুবিধা থাকবে, যার  
মাধ্যমে তারা পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের সুযোগ পেতে  
পারেন।